

গণপ্রজাতন্ত্রী বাংলা দেশ সরকার
মুক্তিবুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা

স্মারক নং-৪৮,০০,০০০০,০০৮,০১৪,০৪৩(৬).১১/২৯২

তারিখ:

২৬ জুলাই, ১৪২২
০৯ জুন, ২০১৫

পরিপত্র

বিষয়: উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন ব্যবহার সংক্রান্ত পরিপত্র।

মুক্তিবুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীনে নির্মিত উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য নিম্নলিখিত পরিপত্র প্রস্তুত করা হল:

১। কমিটি:

(১) জেলা প্রশাসক	:	আইনসচিব
(২) পুলিশ সুপার	:	সদস্য
(৩) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি	:	সদস্য
(৪) মুক্তিযোদ্ধা কমান্ডার, জেলা ইউনিট কমান্ড	:	সদস্য
(৫) উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার	:	সদস্য
(৬) উপজেলা নির্বাহী অফিসার	:	সদস্য-সচিব

১.২ কমিটির কারিত্ব ও কর্মপরিধি:

- > কমিটি কমপ্লেক্স ভবনের নির্মাণ কাজ তদারকি ও মনিটরিং করবে;
- > সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর নিকট থেকে ভবন নির্মাণ কাজের সমাপ্তি প্রতিবেদন প্রাপ্তির অনধিক ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে নির্মাণ কাজ বিষয়ে প্রতিবেদন সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকের নিকট প্রেরণ করবে;
- > কমিটির প্রতিবেদনের ভিত্তিতে চূড়ান্ত বিস পরিশোধ করা হবে;
- > বাণিজ্যিক কাজে ব্যবহারের জন্য নির্ধারিত স্থানের (১ম ও ২য় তলা) যৌক্তিক ভাড়া/অগ্রিম নির্ধারণ করতে হবে; এবং
- > কমিটি কমপ্লেক্স ভবনের সার্বিক ব্যবস্থাপনার দায়িত্ব পালন করবে।

২। ভবন হস্তান্তর ও রক্ষণাবেক্ষণ:

- * কমিটির প্রতিবেদনের ভিত্তিতে উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনটি প্রকল্প পরিচালক কর্তৃক উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড এর নিকট হস্তান্তর করা হবে;
- * সমাপ্ত প্রকল্পের আওতাধীন নির্মিত ভবনের রক্ষণাবেক্ষণে কারিগরি সহায়তা হাশমসহ তত্ত্বাবধান কাজ স্থানীয় সরকার প্রকৌশল অফিসের (এলজিইডি) করবে।

৩। ভবন ভাড়া ও ব্যবহার সংক্রান্ত:

- * উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের ৩য় তলা নির্ধারিত কমিটি/উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড এর দায়িত্বকর্মকার্য পরিচালনা ও উপজেলা মুক্তিযোদ্ধাদের সম্মান রক্ষা হিসেবে ব্যবহৃত হবে;
- * বাণিজ্যিক কাজে ব্যবহারের জন্য ১ম ও ২য় তলায় ভাড়া/অগ্রিম নির্ধারণ করার বিষয়টি কমিটির মাধ্যমে নির্ধারিত হবে এবং উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড কর্তৃক কমপ্লেক্সটি পরিচালিত হবে;
- * কমপ্লেক্স ভবনটির সার্বিক দেখাশোনা করা ও মুক্তিযুদ্ধের প্রতিষ্ঠান হিসেবে এর মর্যাদা অক্ষুণ্ণ রাখা উপজেলা কমান্ড এর দায়িত্বে থাকবে। প্রতিষ্ঠানের অমর্যাদা হয় এমন কোন কাজে ভবনটি ব্যবহার করা যাবে না।
- * কমিটি কর্তৃক প্রতিবছর ভাড়া নির্ধারিত হবে;
- * সেবান ভাড়া প্রতিযোগিতামূলকভাবে হবে, তবে মুক্তিযোদ্ধাদের অধিকার দিতে হবে; এবং
- * বাণিজ্যিক ব্যবহারের ক্ষেত্রে ভাড়া/অগ্রিম প্রদান সম্পর্কিত নির্দেশনা ব্যক্তি বিকল্প ব্যবহার/ভাড়া প্রদানের প্রয়োজন হলে কমিটির বৌদ্ধিকতা সঞ্চিত সুপারিশ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে।

৪ আর্থিক বিষয় :

* ভবনের বাণিজ্যিক ব্যবহারের ক্ষেত্রে ভাড়া বাবদ উপার্জিত অর্থ থেকে ভবনের রক্ষণাবেক্ষণ কাজে ব্যয় হবে ১০%, উপজেলা কমন্ড এর দায়িত্বিক ব্যয় অর্থাৎ কর্মচারীদের বেতনসহ ব্যয় করা হবে সর্বোচ্চ ৩০%, স্থানীয় অসচ্ছল মুক্তিযোদ্ধাদের আর্থিক সাহায্য প্রদান খাতে ব্যয় হবে ১০%, মুক্তিযুদ্ধ বিষয়ক প্রচার হাজারখা ও বিভিন্ন শিবস পালন বাবদ ১০% এবং ভবনের ভবিষ্যৎ উন্নয়নের জন্য সংরক্ষণ করতে হবে ৪০%;

* উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা কমন্ডার উক্ত অর্থের সংরক্ষণ করবে এবং উক্ত অর্থ ব্যয়/বিতরণের দায়িত্ব পালন করবে;

* আঙ্গুলকৃত অর্থ উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা কমন্ডারের নামে বৈধ হিসাবে যে কোন তফসিলী ব্যাংকে গচ্ছিত থাকবে এবং উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা কমন্ডার এর যৌথ স্বাক্ষরে ব্যাংক থেকে অর্থ বিল আকারে উত্তোলিত হবে;

* কমিটি প্রতি বছর কমপক্ষে ভবনের অর্থ-ব্যয়ের হিসাব মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করবে, যা নিরীক্ষণযোগ্য হবে; এবং


* উপজেলা কমন্ড ও স্থানীয় জনপ্রতিনিধিদের সমন্বয়ে জেলা প্রশাসক কর্তৃক গঠিত কমিটি আর্থিক অনুদানের বিষয়টি চূড়ান্ত করবে

৫ ভবনের জনবল :

প্রকল্পটি সমাপ্তির পর প্রতিটি উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স পরিচালনার জন্য ১ জন তত্ত্বাবধায়ক-কাম-কম্পিউটার অপারেটর, ১ জন অফিস সহকারী ও ১ জন গার্ড নিয়োগ করতে পারবে। এ পরিপত্রের ১নং অনুচ্ছেদে উল্লিখিত জেলা প্রশাসকের নেতৃত্বে গঠিত কমিটির মাধ্যমে জনবল নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হবে।

৬। উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের ক্ষেত্রে প্রণীত পরিপত্রের নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে

৭। উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের বাণিজ্যিক ব্যবহার বিষয়ে এ মন্ত্রণালয়ের স্মারক নং ৪৮.৫৩.০০০৩.০০৮.০১৪.০৬৫(৩).১১/০২৩, তারিখঃ ১১ ডিসেম্বর, ২০১৪ মূলে গঠিত কমিটি এতদ্বারা বাতিল করা হল।


 ০৭.০৫.২০১৫
 (মোঃ মনির রহমান)
 সহকারী প্রধান
 ফোন : ৯৫১১১৮৮

জেলা প্রশাসক

.....জেলা

সদর অব্যক্তির জন্য অনুরোধ

- ১। স্থানীয় সরকার প্রবৌশল অধিদপ্তর (এসজিইডি), আগারগাঁও, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর বিভাগ
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
- ৪। প্রকল্প পরিচালক, উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণ প্রকল্প, এসজিইডি, আগারগাঁও, ঢাকা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
- ৬। নির্বাহী প্রবৌশলী, এসজিইডি, ----- জেলা।
- ৭। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
- ৮। অফিস কপি/পার্ট ফাইল।